গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৫ - জুন ৩০, ২০১৬

## সূচিপত্র


মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৫

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৬

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ১৯

# মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ**

আধুনিক তথ্য প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে সাশ্রয়ী ও নির্ভরযোগ্য ডাক ও টেলযোগাযোগ সেবা জনগণের দোরগোড়ায় পৌছানোর দায়িত্ব ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ওপর ন্যস্ত। ডাক ও টেলিযোগাযোগ সেবা যুগপোযোগীকরণ ও আধুনিক প্রযুক্তি অভিযোজনের লক্ষ্যে প্রকল্প গ্রহণ, বাস্তবায়ন, দেশের প্রত্যন্ত অঞ্চলকে ব্রডব্যান্ড নেটওয়ার্কের আওতায় আনয়ন, টেলিযোগাযোগ সংক্রান্ত আইন ও নীতিমালা প্রণয়ন, আইটিইউ (ITU) ও ইউপিইউ (UPU) সহ আন্তর্জাতিক সংস্থাসমূহের সাথে সংযোগ রক্ষা করে ডাক ও টেলিযোগাযোগ সেবা আধুনিকায়নে এ বিভাগ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এ পর্যন্ত সকল জেলা, উপজেলা ও ইউনিয়নসমূহকে অপটিক্যাল ফাইবার নেটওয়ার্কের আওতায় আনয়নের লক্ষ্যে গৃহীত প্রকল্পসমূহের আওতায় ৯২০০ কি:মি: অপটিক্যাল ফাইবার স্থাপন করা হয়েছে। ইন্টারনেটের ব্যাপ্তি বৃদ্ধির লক্ষ্যে ব্যান্ডউইডথের মূল্য ১৮০০০ টাকা থেকে হ্রাস করে ৬০০ টাকা করা হয়েছে। টেলিটকের মাধ্যমে সর্বপ্রথম 3G সেবা চালু করা হয়েছে। উক্ত কোম্পানীর মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ, স্বাস্থ্য, কৃষি, মোবাইল ব্যাংকিং, দুর্যোগ ব্যবস্থাপনা ইত্যাদি কার্যক্রম চালু করা হয়েছে। ভারতের সঙ্গে ব্যান্ডউইডথ লিজ প্রদানের চুক্তি স্বাক্ষর করা হয়েছে। টেলিফোন শিল্প সংস্থা কর্তৃক ল্যাপটপ, ডিজিটাল এনার্জি মিটার, উৎপাদন শুরু করা হয়েছে। মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস বিধিমালা, ২০১৩ প্রণয়নের মাধ্যেমে কুরিয়ার সার্ভিস সেবাখাতে জবাবদিহিতা প্রতিষ্ঠা এবং ২৫০০ টি ডাকঘরকে পোস্ট-ই-সেন্টার-এ রূপান্তরিত করা হয়েছে। ১৪৩৮ টি ডাকঘরে পোস্টাল ক্যাশকার্ড ও ২৭৫০ টি ডাকঘরে ইলেকট্রনিক মানি ট্রান্সফার সার্ভিস (ইএমটিএস) চালুকরা হয়েছে। টেলিডেনসিটি ৮০% এবং ইন্টারনেট পেনিট্রেশন ৩০% অর্জিত হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

প্রতিনিয়ত টেলিযোগাযোগ খাতে প্রযুক্তিগত পরিবর্তনের ফলে আইন, পলিসি ও গাইডলাইন যুগপোযোগীকরণ ও যথাসময়ে নতুন প্রযুক্তির অভিযোজন একটি বড় চ্যালেঞ্জ। ডাক বিভাগের পরিবহণ ব্যবস্থা আধুনিকায়ন ও আধুনিক মেইল প্রসেসিং সেন্টার স্থাপনের মাধ্যমে ডাক সেবা প্রদানের উদ্যোগ নেয়া প্রয়োজন। যোগাযোগের ক্ষেত্রে মোবাইল ও ইন্টারনেট নতুন ভূমিকায় অবতীর্ণ হওয়ায় ডাক বিভাগকে প্রতিনিয়ত সেবা বহুমুখীকরণের প্রচেষ্টা গ্রহণ করতে হচ্ছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

সকল ইউনিয়নে উচ্চগতির ব্রডব্যান্ড সুবিধা প্রদানের লক্ষ্যে অপটিক্যাল ফাইবার কেবল নেটওয়ার্ক স্থাপন, ইন্টারনেট এর ব্যাপ্তি বৃদ্ধির লক্ষ্যে ব্যান্ডউইডথের মূল্য হ্রাসকরণ, 4G নেটওয়ার্ক চালুকরণ এবং ২০১৭ সালের মধ্যে ["বঙ্গবন্ধু স্যাটেলাইট" উৎক্ষেপণ। সকল পোস্ট অফিসকে ই-সেন্টার-এ রূপান্তরের মাধ্যমে আধুনিক ডাক সেবা জনগণের দোরগোড়ায় পৌছানো।

**২০১৫-১৬ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ৮৫০০ কি:মি: অপটিক্যাল ফাইবার কেবল স্থাপন
- ১৭০০০০ ফাইবার কি:মি: অপটিক্যাল ফাইবার কেবল উৎপাদন
- ৮০০০ ল্যাপটপ প্রস্তুত
- ৫০০০০ ডিজিটাল এনার্জি মিটার উৎপাদন
- ৩ জি নেটওয়ার্ক সম্প্রসারণের জন্য ৫০০ নতুন নোড-বি স্থাপন
- ব্যান্ডউইডথ বিক্রয় ১৫ Gbps পরিমাণ বৃদ্ধি
- ২৩৫০টি পোস্ট অফিসকে পোস্ট-ই-সেন্টারে রূপান্তর

## উপক্রমণিকা (Preamble)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৫ সালের সেপ্টেম্বর মাসের ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision):**

সাশ্রয়ী, সর্বজনীন এবং নির্ভরযোগ্য টেলিযোগাযোগ ও ডাক সেবা।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

প্রাতিষ্ঠানিক উন্নয়ন ও আধুনিক প্রযুক্তি অভিযোজনের মাধ্যমে সাশ্রয়ী, মানসম্পন্ন ও আন্তর্জাতিক মানের টেলিযোগাযোগ ও ডাকসেবা নিশ্চিতকরণ ও ডিজিটাল জ্ঞানভিত্তিক অর্থনীতি বিনির্মাণ।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. টেলিযোগাযোগ সেবার আধুনিকায়ন ও সম্প্রসারণ

২. ডাক সেবার আধুনিকায়ন, আইসিটিভিত্তিক ডাকসেবার সম্প্রসারণ ও সেবা বহুমুখীকরণ

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন

২. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন

৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন

৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন

৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

**১.৪ কার্যাবলি (Functions)**

১. সারাদেশে টেলিযোগাযোগ নেটওয়ার্ক স্থাপন ও রক্ষণাবেক্ষণ

২. টেলিযোগাযোগ সেবা প্রদান

৩. ডাক সেবা প্রদান

৪. টেলিযোগাযোগের সরঞ্জামাদি সরবরাহ

৫. ডাকঘরের মাধ্যমে সঞ্চয় সেবা প্রদান

৬. ডাকঘরের মাধ্যমে জীবন বীমা সেবা প্রদান

৭. বিভিন্ন দেশ, আন্তর্জাতিক সংস্থা/সংগঠনের সাথে ডাক ও টেলিযোগাযোগ সংক্রান্ত বিষয়ে লিঁয়াজো, চুক্তি সম্পাদন ও প্রটোকল রক্ষা

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা ২০১৫-২০১৬ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-২০১৭ | ২০১৭-২০১৮ | | |
| টেলিডেনসিটি বৃদ্ধি | টেলিডেনসিটি | % | ৭৮.১২ | ৮০.০০ | ৮৫ | ৯০ | ৯৫ | | বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এর ওয়েবসাইট:www.btrc.gov.bd, / বিটিআরসি এর বার্ষিক প্রতিবেদন |
| ইন্টারনেট পেনেট্রেশন(Penetration) বৃদ্ধি | ইন্টারনেট পেনেট্রেশন( Penetration) | % | ২৪.৮৭ | ৩০.০০ | ৩৮ | ৪৬ | ৫৫ | | বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এর ওয়েবসাইট:www.btrc.gov.bd, / বিভাগের বাৎসরিক বাজেট বই / বিটিআরসি এর বার্ষিক প্রতিবেদন |
| ডিজিটাল পোস্টাল সেবার আওতা বৃদ্ধি | ডিজিটাল পোস্টাল সেবা প্রদানকারী অফিসের সংখ্যা বৃদ্ধির হার | % | ৪ | ২৫ | ৪৯ | ৭৪ | ১০০ | | ডাক বিভাগের বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] টেলিযোগাযোগ সেবার আধুনিকায়ন ও সম্প্রসারণ | ৪৮ | [১.১] টেলিযোগাযোগ নেটওয়ার্ক স্থাপন ও উন্নয়ন | [১.১.১] স্থাপিত অপটিক্যাল ফাইবার ক্যাবল (ওএফসি নেটওয়ার্ক) এর দৈর্ঘ্য | কি:মি: | ১০.০০ | ৫০০ | ২৮৭০ | ৮৫০০ | ৮৩০০ | ৮২০০ | ৮০০০ | ৭৫০০ | ৩০০০ | ৪০০০ |
| | | [১.২] টেলিযোগাযোগ পণ্য ও সরঞ্জামাদি উৎপাদন | [১.২.১] উৎপাদিত অপটিক্যাল ফাইবার ক্যাবল | ফাইবার কি:মি:(লক্ষ) | ৬.০০ | ০.৬২ | ১.১০ | ১.৭ | ১.৬৫ | ১.৬০ | ১.৫৫ | ১.৫০ | ১.৮০ | ২.০০ |
| | | | [১.২.২] প্রস্তুতকৃত ল্যাপটপ | সংখ্যা | ৫.০০ | ৭৮০ | ১৭৮০ | ৮০০০ | ৭৮০০ | ৭৬০০ | ৭২০০ | ৭০০০ | ৮০০০ | ৮০০০ |
| | | | [১.২.৩] উৎপাদিত মোবাইল ফোনের ব্যাটারী ও চার্জার | সংখ্যা(লক্ষ) | ৪.০০ | ১.২৫ | ১.৪৩ | ২.০০ | ১.৯০ | ১.৮০ | ১.৭০ | ১.৬০ | ২.৫০ | ২.৫০ |
| | | | [১.২.৪] উৎপাদিত ডিজিটাল মিটার | সংখ্যা | ২.০০ | ১৪০০০ | ৩৫৬০০ | ৫০০০০ | ৪৮০০০ | ৪৬০০০ | ৪৪০০০ | ৪২০০০ | ৫০০০০ | ৫০০০০ |
| | | | [১.২.৫] উৎপাদিত টেলিফোন সেট | সংখ্যা | ২.০০ | ৫০০০ | ৫৮০০ | ১০০০০ | ৯৮০০ | ৯৫০০ | ৯০০০ | ৮৫০০ | ১০০০০ | ১০০০০ |
| | | | [১.২.৬] উৎপাদিত পিএবিএক্স | সংখ্যা | ১.০০ | ৭ | ৭ | ৮ | ৭ | | | | ৭ | ৭ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [১.৩] ৩জি ও ২জি মোবাইল নেটওয়ার্ক সম্প্রসারণ | [১.৩.১] স্থাপিত নোড-বি | সংখ্যা | ৫.০০ | ৬০০ | ৪৩০ | ৫০০ | ৪৭৫ | ৪৫০ | ৪২৫ | ৪০০ | ১০০০ | ২০০০ |
| | | | [১.৩.২] স্থাপিত বিটিএস | সংখ্যা | ৫.০০ | ৮০০ | ৫২৩ | ৪০০ | ৩৮০ | ৩৬০ | ৩৩০ | ৩০০ | ১০০০ | ১২০০ |
| | | [১.৪] ভ্যালু এডেড সার্ভিস সম্প্রসারণ | [১.৪.১] মোবাইলের মাধ্যমে গৃহীত ভর্তির আবেদন | সংখ্যা (লক্ষ) | ২.০০ | ১৫ | ১৫ | ৩০ | ২৮ | ২৭ | ২৫ | ২২ | ৩২ | ৩৫ |
| | | | [১.৪.২] অনলাইনে সম্পাদিত ছাত্র ভর্তির রেজিস্ট্রেশন | সংখ্যা(লক্ষ) | ২.০০ | ২০ | ২২.৪৮ | ১৫ | ১৪ | ১৩ | ১২ | ১০ | ১০ | ১০ |
| | | | [১.৪.৩] মোবাইলের মাধ্যমে পরিশোধিত ইউটিলিটি বিল | সংখ্যা(লক্ষ) | ২.০০ | ৫০ | ৬৩.৬৫ | ৭৫ | ৭২ | ৬৮ | ৬৩ | ৬০ | ১০০ | ১৫০ |
| | | [১.৫] সাবমেরিন ক্যাবলের ব্যান্ডউইডথ ব্যবহার বৃদ্ধি | [১.৫.১] ব্যান্ডউইডথ বিক্রয় বৃদ্ধি | গিগাবিট পার সেকেন্ড | ২.০০ | ০০ | ৮.৫০ | ২০ | ১৮ | ১৬ | ১৪ | ১৩ | ১৮ | ২০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] ডাক সেবার আধুনিকায়ন, আইসিটিভিত্তিক ডাকসেবার সম্প্রসারণ ও সেবা বহুমুখীকরণ | ৩৫ | [২.১] সাশ্রয়ী মূল্যে উদ্ভাবনী ও প্রতিযোগিতামূলক এবং মানসম্মত পণ্য প্রবর্তণের মাধ্যমে ডাক সেবার পরিধি সম্প্রসারণ | [২.১.১] আদান প্রদানকৃত জিইপি (গ্যারান্টেড এক্সপ্রেস পোস্ট) | সংখ্যা (কোটি) | ৪.০০ | ০.১৮ | ০.২১ | ০.২১ | ০.২০৭৫ | ০.২০৫০ | ০.২০২৫ | ০.২০ | ০.২৫ | ০.৩০ |
| | | | [২.১.২] আদান প্রদানকৃত চিঠিপত্র এবং পার্সেল | সংখ্যা (কোটি) | ২.০০ | ৮.০০ | ৮.৩৫ | ৮.৫০ | ৮.৩০ | ৮.২০ | ৮.১০ | ৮.০০ | ৮.৭৫ | ৯.০০ |
| | | [২.২] ইলেকট্রনিক মানি অর্ডার সার্ভিসের ক্ষেত্র সম্প্রসারণ | [২.২.১] বৃদ্ধিপ্রাপ্ত ইলেকট্রনিক মানি অর্ডার সার্ভিস প্রদানকারী পোস্ট অফিস এবং ই-সেন্টার | সংখ্যা | ৪.০০ | ১৫০০ | ২৭৭৩ | ৩৫০০ | ৩৪০০ | ৩২০০ | ৩০০০ | ২৮৫০ | ৪০০০ | ৪৫০০ |
| | | [২.৩] পোস্টাল ক্যাশকার্ডের ক্ষেত্র সম্পসারণ | [২.৩.১] পোস্টাল ক্যাশকার্ড সার্ভিস প্রদানকারী পোস্ট অফিস/পোস্ট-ই সেন্টার | সংখ্যা | ৪.০০ | ৮০০ | ১৪৮৫ | ২০০০ | ১৯০০ | ১৮০০ | ১৭০০ | ১৬০০ | ২৫০০ | ৩০০০ |
| | | | [২.৩.২] বিক্রীত ম্যাগনেটিক স্ট্রিপ(Magnetic Strip) সম্বলিত পোস্টাল ক্যাশ কার্ড | সংখ্যা(লক্ষ) | ৩.০০ | ০.৪০ | ০.৭৩ | ১.০০ | ০.৯৫ | ০.৯০ | ০.৮৫ | ০.৮০ | ১.২০ | ১.৫০ |
| | | [২.৪] আইসিটি ভিত্তিক ডিজিটাল ডাক সার্ভিস প্রদানের উদ্দেশ্যে পোস্ট ই-সেন্টারের সেবা সম্পসারণ | [২.৪.১] স্থাপিত পোস্ট-ই-সেন্টার | সংখ্যা | ৭.০০ | ২৮০ | ১০২৩ | ২৩৫০ | ২২০০ | ২০৫০ | ১৯০০ | ১৮০০ | ২৪৫০ | ২৫৮৬ |
| | | [২.৫] সদাসর্বত্র ডিজিটাল পদ্ধতিতে আর্থিক লেনদেন সুবিধা নিশ্চিতকরণ | [২.৫.১] স্থাপিত এটিএম বুথ | সংখ্যা | ৪.০০ | ৫ | ৮ | ১৩ | ১২ | ১১ | ১০ | ৯ | ২০ | ২৫ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [২.৫] সদাসর্বত্র ডিজিটাল পদ্ধতিতে আর্থিক লেনদেন সুবিধা নিশ্চিতকরণ | [২.৫.২] চালুকৃত পিওএস মেশিন | সংখ্যা | ৩.০০ | ১০০০ | ২০৮৮ | ৩০০০ | ২৯০০ | ২৭০০ | ২৬৫০ | ২৫০০ | ৪০০০ | ৫০০০ |
| | | [২.৬] গ্রামীণ পোস্ট অফিস নির্মাণের মাধ্যমে গ্রামীণ অবকাঠামো উন্নয়ন ত্বরান্বিতকরণ | [২.৬.১] নির্মিত গ্রামীণ পোস্ট অফিস | সংখ্যা | ৪.০০ | ৯৩ | ৯৬ | ২০০ | ১৯০ | ১৭৫ | ১৬০ | ১৪০ | ২৫০ | ৩০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৫ | [১.১] খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [১.১.১] প্রশিক্ষণ সমাপ্তির পর নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | দিন | ১.০০ | | | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | | |
| | | [১.২] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৮-২০১৫ | ০১-০৯-২০১৫ | ০২-০৯-২০১৫ | ০৩-০৯-২০১৫ | ০৪-০৯-২০১৫ | | |
| | | [১.৩] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [১.৩.১] দাখিলকৃত অর্ধবার্ষিক ও ত্রৈমাসিক প্রতিবেদন | সংখ্যা | ১.০০ | | | ৫ | ৪ | ৩ | | | | |
| | | [১.৪] আওতাধীন সংস্থার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর | [১.৪.১] সমঝোতা স্মারক স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৫ | ১৯-১০-২০১৫ | ২২-১০-২০১৫ | ২৬-১০-২০১৫ | ২৯-১০-২০১৫ | | |
| | | [১.৫] বার্ষিক কর্মসম্পাদন-এর সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | [১.৫.১] বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১.০০ | | | ৩ | ২ | ১ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন | ৫ | [২.১] পরিবর্তিত ফরম্যাটে সিটিজেন্স চার্টার প্রণয়ন | [২.১.১] পরিবর্তিত ফরম্যাটে মন্ত্রণালয়/বিভাগের সিটিজেন্স চার্টার ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | | [২.১.২] অধিদপ্তর/সংস্থার সিটিজেন্স চার্টার প্রণীত ও প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | [২.২] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.২.১] নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১.০০ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | [২.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | [২.৩.১] মন্ত্রণালয়/বিভাগে কমপক্ষে একটি করে অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | | [২.৩.২] মন্ত্রণালয়/বিভাগে কমপক্ষে একটি করে সেবা প্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| [৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | [৩.১] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.১.১] শুদ্ধাচার বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো (monitoring framework) প্রণীত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | | [৩.১.২] জুন/২০১৬ এর মধ্যে শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়িত কার্যক্রম | % | ১.০০ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.২] কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | [৩.২.১] প্রশিক্ষণের সময় | জনঘণ্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৪] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | [৪.১] তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়ন | [৪.১.১] তথ্য প্রকাশ নির্দেশিকা ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | [৪.২] আওতাধীন দপ্তর/সংস্থায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ | [৪.২.১] আওতাধীন সকল দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও যোগাযোগের ঠিকানার সঙ্কলন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | [৪.৩] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন | [৪.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫০ | | | ১৫-১০-২০১৫ | ২৯-১০-২০১৫ | ১৫-১১-২০১৫ | ৩০-১১-২০১৫ | ১৫-১২-২০১৫ | | |
| [৫] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | [৫.১] বাজেট বাস্তবায়ন কমিটির কর্মপরিধি যথাযথভাবে অনুসরণ | [৫.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত ও ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৫ | ৪ | ৩ | ২ | ১ | | |
| | | [৫.২] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৫.২.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, মাননীয় মন্ত্রী, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

২০-০৭-২০১৫

সচিব
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

তারিখ

২০/০৭/২০১৫

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

তারিখ



মুদ্রণ তারিখ: শুক্রবার, সেপ্টেম্বর ১৮, ২০১৫

**সংযোজনী-১**

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এডিএসএল | এসিমেট্রিক ডিজিটাল সাবসক্রাইবার লাইন |
| ২ | ইএমটিএস | ইলেকট্রনিক মানি ট্রান্সফার সার্ভিস |
| ৩ | জিইপি | গ্যারান্টিড এক্সপ্রেস পোস্ট |
| ৪ | ওএফসি (OFC) | অপটিক্যাল ফাইবার কেবল্ |
| ৫ | পিওএস মেশিন | পয়েন্ট অফ সেল মেশিন |
| ৬ | ইউপিইউ (UPU) | ইউনিভারসাল পোস্টাল ইউনিয়ন |
| ৭ | জিবিপিএস | গিগা বিট পার সেকেন্ড |
| ৮ | পিএসটিএন | পাবলিক সুইচড টেলিফোন নেটওয়ার্ক |
| ৯ | ৩জি | থার্ড জেনারেশন |
| ১০ | ৪জি | ফোর্থ জেনারেশন |
| ১১ | এটিএম (ATM) | অটোমেটেড টেলার মেশিন |
| ১২ | ডব্লিউজেডপিডিসিএল (WZPDCL) | ওয়েস্ট জোন পাওয়ার ডিসট্রিবিউশন কোম্পানী লিমিটেড |
| ১৩ | নর্থএনজেডপিডিসিএল (NWZPDCL) | নর্থ-ওয়েস্ট জোন পাওযার ডিসট্রিবিউশন কোম্পানী লিমিটেড |
| ১৪ | এসজেডপিডিসিএল (SZPDCL) | সাউথ জোন ডিসট্রিবিউশন কোম্পানী লিমিটেড |
| ১৫ | এলজিইডি (LGED) | লোকাল গভর্নমেন্ট ইনজিনিয়ারিং ডিপার্টমেন্ট |
| ১৬ | বিটিআরসি | বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরি কমিশন |
| ১৭ | পিএবিএক্স | প্রাইভেট অটোমেটিক ব্রাঞ্চ এক্সচেঞ্জ |
| ১৮ | আইটিইউ (ITU) | ইন্টারন্যাশনাল টেলিকমিউনিকেশন ইউনিয়ন |
| ১৯ | এইচডিডি (HDD) | হরিজনটাল ডিরেকশনাল ড্রিলিং |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [১.১] টেলিযোগাযোগ নেটওয়ার্ক স্থাপন ও উন্নয়ন | [১.১.১] স্থাপিত অপটিক্যাল ফাইবার ক্যাবল (ওএফসি নেটওয়ার্ক) এর দৈর্ঘ্য | দেশের গ্রামীণ এলাকা পর্যন্ত আইসিটি সেবা সম্প্রসারণের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ সমূহকে বিটিসিএল এর অপটিক্যাল ফাইবার কেবল্ নেটওয়ার্কের আওতায় আনয়ন। | বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল) | বিটিসিএল-এর ওয়েব সাইট/ বার্ষিক প্রতিবেদন | |
| [১.২] টেলিযোগাযোগ পণ্য ও সরঞ্জামাদি উৎপাদন | [১.২.১] উৎপাদিত অপটিক্যাল ফাইবার ক্যাবল | চাহিদার প্রেক্ষিতে বিটিসিএল এবং অন্যান্য প্রতিষ্ঠানের জন্য অপটিক্যাল ফাইবার উৎপাদন | বাংলাদেশ কেবল শিল্প লিমিটেড(বাকেশি) | বাংলাদেশ কেবল শিল্প লিমিটেড-এর ওয়েব সাইট/ বার্ষিক প্রতিবেদন | |
| | [১.২.২] প্রস্তুতকৃত ল্যাপটপ | চাহিদার প্রেক্ষিতে এবং খোলা বাজারের জন্য ল্যাপটপ সংযোজন | টেলিফোন শিল্প সংস্থা (টেশিস) | টেলিফোন শিল্প সংস্থা (টেশিস) এর ওয়েবসাইট ও বার্ষিক রিপোর্ট | |
| | [১.২.৩] উৎপাদিত মোবাইল ফোনের ব্যাটারী ও চার্জার | পাইকারী ও খুচরা ক্রেতাদের জন্য মোবাইল চার্জার উৎপাদন | টেলিফোন শিল্প সংস্থা (টেশিস) | টেলিফোন শিল্প সংস্থা (টেশিস) এর ওয়েবসাইট ও বার্ষিক রিপোর্ট | |
| | [১.২.৪] উৎপাদিত ডিজিটাল মিটার | ডেসকো এর গ্রাহকদের জন্য ডিজিটাল মিটার উৎপাদন। | টেলিফোন শিল্প সংস্থা (টেশিস) | টেলিফোন শিল্প সংস্থা (টেশিস) এর ওয়েবসাইট ও বার্ষিক রিপোর্ট | |
| | [১.২.৫] উৎপাদিত টেলিফোন সেট | পিএসটিএন ও পিএবিএক্স গ্রাহকদের জন্য | টেলিফোন শিল্প সংস্থা (টেশিস) | টেলিফোন শিল্প সংস্থা (টেশিস) এর ওয়েবসাইট ও বার্ষিক রিপোর্ট | |
| | [১.২.৬] উৎপাদিত পিএবিএক্স | বিভিন্ন প্রতিষ্ঠানের জন্য পিএবিএক্স স্থাপন। | টেলিফোন শিল্প সংস্থা (টেশিস) | টেলিফোন শিল্প সংস্থা (টেশিস) এর ওয়েবসাইট ও বার্ষিক রিপোর্ট | |
| [১.৩] ৩জি ও ২জি মোবাইল নেটওয়ার্ক সম্প্রসারণ | [১.৩.১] স্থাপিত নোড-বি | ৩জি নেটওয়ার্ক সম্প্রসারণের জন্য আনুষঙ্গিক যন্ত্রপাতিসহ দেশের বিভিন্ন স্থানে টাওয়ার স্থাপন | টেলিটক বাংলাদেশ লিমিটেড | টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ওয়েব সাইট/ বার্ষিক প্রতিবেদন | লক্ষ্যমাত্রা অর্জন প্রকল্পের যথাসময়ে অনুমোদন ও বিনিয়োগের উপর নির্ভরশীল |
| | [১.৩.২] স্থাপিত বিটিএস | ২জি নেটওয়ার্ক সম্প্রসারণের জন্য আনুসাংগিক যন্ত্রপাতিসহ দেশের বিভিন্ন স্থানেটাওয়ার স্থাপন | টেলিটক বাংলাদেশ লিমিটেড | টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ওয়েব সাইট/ বার্ষিক প্রতিবেদন | লক্ষ্যমাত্রা অর্জন প্রকল্পের যথাসময়ে অনুমোদন ও বিনিয়োগের উপর নির্ভরশীল |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [১.৪] ভ্যালু এডেড সার্ভিস সম্প্রসারণ | [১.৪.১] মোবাইলের মাধ্যমে গৃহীত ভর্তির আবেদন | মোবাইলের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির আবেদন গ্রহণ | টেলিটক বাংলাদেশ লিমিটেড | টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ওয়েব সাইট/ বার্ষিক প্রতিবেদন | জন-সেবাসমূহ ডিজিটালকরণের পদক্ষেপ |
| | [১.৪.২] অনলাইনে সম্পাদিত ছাত্র ভর্তির রেজিস্ট্রেশন | অনলাইনে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির রেজিস্ট্রেশান | টেলিটক বাংলাদেশ লিমিটেড | টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ওয়েব সাইট/ বার্ষিক প্রতিবেদন | জন-সেবাসমূহ ডিজিটালকরণের পদক্ষেপ |
| | [১.৪.৩] মোবাইলের মাধ্যমে পরিশোধিত ইউটিলিটি বিল | মোবাইলের মাধ্যমে ইউটিলিটি বিল পরিশোধ (যেমন, পল্লী বিদ্যুৎ এর বিল গ্রহন) | টেলিটক বাংলাদেশ লিমিটেড | টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ওয়েব সাইট/ বার্ষিক প্রতিবেদন | জন-সেবাসমূহ ডিজিটালকরণের পদক্ষেপ |
| [১.৫] সাবমেরিন ক্যাবলের ব্যান্ডউইডথ ব্যবহার বৃদ্ধি | [১.৫.১] ব্যান্ডউইডথ বিক্রয় বৃদ্ধি | ব্যান্ডউইডথ এর বিক্রির পরিমাণ বৃদ্ধি করার জন্য বাংলাদেশ সাবমেরিন কেবল কোম্পানী লিমিটেড (বিএসসিসিএল) নিবিড় পরিকল্পনা গ্রহণ করেছে। এ ক্ষেত্রে ব্যান্ডউইডথ এর মূল্য সব ধরণের সার্ভিসের ক্ষেত্রে কমানোর পদেক্ষপ নেয়া হয়েছে। | বাংলাদেশ সাবমেরিন কেবল কোম্পানী লিমিটেড (বিএসসিসিএল) | বিএসসিসিএল এর বার্ষিক প্রতিবেদন | |
| [২.১] সাশ্রয়ী মূল্যে উদ্ভাবনী ও প্রতিযোগিতামূলক এবং মানসম্মত পণ্য প্রবর্তণের মাধ্যমে ডাক সেবার পরিধি সম্প্রসারণ | [২.১.১] আদান প্রদানকৃত জিইপি (গ্যারান্টেড এক্সপ্রেস পোস্ট) | জিইপি অর্থ বিশেষায়িত অভ্যন্তরীণ দ্রুতগামী ডাকসেবা যা ঢাকা শহরের সকল পোস্ট অফিসসহ উপজেলা ডাকঘর হতে প্রদান করা হয়। স্বল্প সময়ে নিরাপত্তার সাথে বিলির নিশ্চয়তা প্রদানকারী ডাক সেবা জিইপি। গ্রহণ, প্রেরণ ও বিতরণ মানের নির্দেশক হিসেবে বিবেচিত হয়। | বাংলাদেশ ডাক বিভাগ | ডাক অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| | [২.১.২] আদান প্রদানকৃত চিঠিপত্র এবং পার্সেল | ডাকদ্রব্য, অর্থ, চিঠি, পোস্ট কার্ড, সংবাদপত্র, বই, নমুনা প্যাকেট, পার্সেল প্রভৃতি যা ডাক মারফত পরিবাহিত হয়ে থাকে। গ্রহণ প্রেরণ ও বিতরণ মানের নির্দেশক হিসেবে বিবেচিত হয়। | বাংলাদেশ ডাক বিভাগ | ডাক অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| [২.২] ইলেকট্রনিক মানি অর্ডার সার্ভিসের ক্ষেত্র সম্প্রসারণ | [২.২.১] বৃদ্ধিপ্রাপ্ত ইলেকট্রনিক মানি অর্ডার সার্ভিস প্রদানকারী পোস্ট অফিস এবং ই-সেন্টার | ইলেকট্রনিক মানি ট্যান্সফার সার্ভিস অর্থ মোবাইল মানি অর্ডার সার্ভিস। এ সার্ভিসে মোবাইল ফোনের মাধ্যমে প্রেরক ডাক বিভাগ থেকে প্রাপকের নিকট মানি অর্ডার প্রেরণ করতে পারেন। মোবাইল ফোন প্রযুক্তি ব্যবহার করে ডাক বিভাগ এ সার্ভিসটি ২০১০ সালে শুরু করেছে। | বাংলাদেশ ডাক বিভাগ | ডাক অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
| --- | --- | --- | --- | --- | --- |
| [২.৩] পোস্টাল ক্যাশকার্ডের ক্ষেত্র সম্প্রসারণ | [২.৩.১] পোস্টাল ক্যাশকার্ড সার্ভিস প্রদানকারী পোস্ট অফিস/পোস্ট-ই সেন্টার | পোস্টাল ক্যাশকার্ড একধরণের ডেবিট কার্ড যার মাধ্যমে গ্রহাহক নির্ধারিত ডাকঘর থেকে টাকা লেনদেন করতে পারেন এবং টাকা প্রেরণ করতে পারেন। এই কার্ডের মাধ্যমে এটিএম বুথ থেকে টাকা উঠানো যায় এবং দোকানে কেনা কাটা করা যায়। | বাংলাদেশ ডাক বিভাগ | পোস্টাল ক্যাশকার্ড সংক্রান্ত পুস্তিকা/ ডাক অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| | [২.৩.২] বিক্রীত ম্যাগনেটিক স্ট্রিপ(Magnetic Strip) সম্বলিত পোস্টাল ক্যাশ কার্ড | ম্যাগনেটিক স্ট্রিপ যুক্ত পোস্টাল ক্যাশ কার্ড- এটি মূলত একটি ডেবিট কার্ড। উচ্চ প্রযুক্তি সম্পন্ন এ কার্ডের মাধ্যমে ডাকঘর হতে টাকা জমা ও উত্তোলন করা যায় এবং নগদ টাকা বহনের ঝুঁকি হ্রাস করে। | বাংলাদেশ ডাক বিভাগ | পোস্টাল ক্যাশকার্ড সংক্রান্ত পুস্তিকা/ ডাক অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৪] আইসিটি ভিত্তিক ডিজিটাল ডাক সার্ভিস প্রদানের উদ্দেশ্যে পোস্ট ই-সেন্টারের সেবা সম্প্রসারণ | [২.৪.১] স্থাপিত পোস্ট-ই-সেন্টার | পোস্ট-ই-সেন্টার গ্রামীণ জনগণকে তথ্য প্রযুক্তি সম্পন্ন সেবা প্রদানের জন্য পোস্ট ই সেন্টার থেকে গ্রামীণ জনগণ ইন্টারনেটের মাধ্যমে দেশে বিদেশে তথ্য আদান প্রদান করতে পারছেন। | বাংলাদেশ ডাক বিভাগ | ডাক অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৫] সদাসর্বত্র ডিজিটাল পদ্ধতিতে আর্থিক লেনদেন সুবিধা নিশ্চিতকরণ | [২.৫.১] স্থাপিত এটিএম বুথ | স্বয়ংক্রিয় অর্থ প্রদানকারী যন্ত্র যা উচ্চ প্রযুক্তি সম্পন্ন। এ সকল বুথ থেকে ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে গ্রাহকগণ প্রয়োজন মত অর্থ উত্তোলন করতে পারেন। বাংলাদেশ ডাক বিভাগ সোনালী ব্যাংক লিমিটেড এর সাথে যৌথভাবে ইতোমধ্যে ৮টি এটিএম বুথ স্থাপন করেছে। সারাদেশে আরো ১২০০ টি বুথ পর্যায়ক্রমিকভাবে স্থাপন করা হবে। | বাংলাদেশ ডাক বিভাগ | পোস্টাল ক্যশকার্ড পুস্তিকা/ ডাক অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| | [২.৫.২] চালুকৃত পিওএস মেশিন | পিওএস মেশিন অর্থ পয়েন্ট অফ সেল মেশিন যা এটিএম এর ক্ষুদ্র বহণযোগ্য সংস্করণ। দোকানে পোস্টাল ক্যাশকার্ড দিয়ে সকল মেশিনের মাধ্যমে গ্রাহকগণ কেনা-কাটা করতে পারে। | বাংলাদেশ ডাক বিভাগ | পোস্টাল ক্যশকার্ড পুস্তিকা/ ডাক অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৬] গ্রামীণ পোস্ট অফিস নির্মাণের মাধ্যমে গ্রামীণ অবকাঠামো উন্নয়ন ত্বরান্বিতকরণ | [২.৬.১] নির্মিত গ্রামীণ পোস্ট অফিস | গ্রামীণ জনগনকে তথ্য প্রযুক্তি সেবাদানের উপযোগী করে গ্রামীণ ডাকঘরের অবকাঠামো নির্মাণ যেখানে থেকে যাবতীয় পরিসেবা প্রদান করা সম্ভব। | বাংলাদেশ ডাক বিভাগ | ডাক অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| অন্যান্য | সড়ক ও জনপথ বিভাগ | স্থাপিত অপটিক্যাল ফাইবার ক্যাবল (ওএফসি নেটওয়ার্ক) এর দৈর্ঘ্য | ক্ষতিপূরণ ব্যতীত রাস্তা কাটার অনুমোদন | জেলা হতে উপজেলা সমূহের দিকে এবং উপজেলা হতে ইউনিয়ন পরিষদ সমূহের দিকে রাস্তা খনন এবং এইচডিডি( HDD) দ্বারা অপটিক্যাল ফাইবার কেবল স্থাপন করা হয় বিধায় ক্ষতিপূরণ ব্যতীত রাস্তা কাটার অনুমোদন প্রয়োজন। সড়ক ও জনপথের সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের দ্রুত সহযোগিতা এক্ষেত্রে অতীব জরুরী। | ৩০% | সড়ক ও জনপথ বিভাগ এর আওতাধীন এলাকার অপটিক্যাল ফাইবার কেবল স্থাপন করা সম্ভবপর হবে না। ফলতঃ সংশ্লিষ্ট কর্মসূচক অর্জন প্রক্রিয়া ক্ষতিগ্রস্ত হবে। |
| অন্যান্য | এলজিইডি (এলজিডি) | স্থাপিত অপটিক্যাল ফাইবার ক্যাবল (ওএফসি নেটওয়ার্ক) এর দৈর্ঘ্য | ক্ষতিপূরণ ব্যতীত রাস্তা কাটার অনুমোদন | জেলা হতে উপজেলা সমূহের দিকে এবং উপজেলা হতে ইউনিয়ন পরিষদ সমূহের দিকে রাস্তা খনন এবং এইচডিডি( HDD) দ্বারা অপটিক্যাল ফাইবার কেবল স্থাপন করা হয় বিধায় ক্ষতিপূরণ ব্যতীত রাস্তা কাটার অনুমোদন প্রয়োজন। এলজিইডির সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের দ্রুত সহযোগিতা এক্ষেত্রে অতীব জরুরী। | ৩০% | এলজিইডি এর আওতাধীন এলাকার অপটিক্যাল ফাইবার কেবল্ স্থাপন করা সম্ভবপর হবে না। ফলতঃ সংশ্লিষ্ট কর্মসূচক অর্জন প্রক্রিয়া ক্ষতিগ্রস্ত হবে। |

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| অন্যান্য | সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ | স্থাপিত অপটিক্যাল ফাইবার ক্যাবল (ওএফসি নেটওয়ার্ক) এর দৈর্ঘ্য | ক্ষতিপূরণ ব্যতীত রাস্তা কাটার অনুমোদন | জেলা হতে উপজেলা সমূহের দিকে এবং উপজেলা হতে ইউনিয়ন পরিষদ সমূহের দিকে রাস্তা খনন এবং এইচডিডি (HDD) দ্বারা অপটিক্যাল ফাইবার কেবল স্থাপন করা হয় বিধায় ক্ষতিপূরণ ব্যতীত রাস্তা কাটার অনুমোদন প্রয়োজন। সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের দ্রুত সহযোগিতা এক্ষেত্রে অতীব জরুরী। | ৩০% | সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ এর আওতাধীন এলাকার অপটিক্যাল ফাইবার কেবল্ স্থাপন করা সম্ভবপর হবে না। ফলতঃ সংশ্লিষ্ট কর্মসূচক অর্জন প্রক্রিয়া ক্ষতিগ্রস্ত হবে। |
| অন্যান্য | সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ | স্থাপিত অপটিক্যাল ফাইবার ক্যাবল (ওএফসি নেটওয়ার্ক) এর দৈর্ঘ্য | ক্ষতিপূরণ ব্যতীত রাস্তা কাটার অনুমোদন | জেলা হতে উপজেলা সমূহের দিকে এবং উপজেলা হতে ইউনিয়ন পরিষদ সমূহের দিকে রাস্তা খনন এবং এইচ ডিডি (HDD) দ্বারা অপটিক্যাল ফাইবার কেবল স্থাপন করা হয় বিধায় ক্ষতিপূরণ ব্যতীত রাস্তা কাটার অনুমোদন প্রয়োজন। সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের দ্রুত সহযোগিতা এক্ষেত্রে অতীব জরুরী। | ৩০% | সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ এর আওতাধীন এলাকার অপটিক্যাল ফাইবার কেবল স্থাপন করা সম্ভবপর হবে না। ফলতঃ সংশ্লিষ্ট কর্মসূচক অর্জন প্রক্রিয়া ক্ষতিগ্রস্ত হবে। |
| অন্যান্য | বিপিডিবি/WZPDCL/NWZPDCL/SZPDCL/পল্লী বিদ্যুৎ সমিতি | স্থাপিত অপটিক্যাল ফাইবার ক্যাবল (ওএফসি নেটওয়ার্ক) এর দৈর্ঘ্য | বিদ্যুৎ সংযোগের অনুমোদন | ইউনিয়ন পরিষদ সমূহে স্থাপিত অপটিক্যাল ফাইবার কেবল যন্ত্রপাতি সমূহ কার্যকর করার জন্য বিদ্যুৎ সংযোগ প্রয়োজন। | ৩০% | ইউনিয়ন পরিষদ সমূহে অপটিক্যাল ফাইবার কেবল সংযোগ চালু করা সম্ভব হবে না। |
| অন্যান্য | বিপিডিবি /পল্লী বিদ্যুৎ সমিতি | স্থাপিত নোড-বি | বাণিজ্যিক বিদ্যুৎ সংযোগ | নোড-বি অপারেশনের জন্য বিদ্যুৎ সংযোগ অপরিহার্য | ৩০% | লক্ষ্যমাত্রার চেয়ে কম সংখ্যক নোড-বি স্থাপিত হবে |

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| অন্যান্য | বিপিডিবি /পল্লী বিদ্যুৎ সমিতি | স্থাপিত বিটিএস | বাণিজ্যিক বিদ্যুৎ সংযোগ | বিটিএস অপারেশনের জন্য বিদ্যুৎ সংযোগ অপরিহার্য | ৩০% | লক্ষ্যমাত্রার চেয়ে কম সংখ্যক বিটিএস স্থাপিত হবে |
| মন্ত্রণালয় | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | বিক্রীত ম্যাগনেটিক স্ট্রিপ(Magnetic Strip) সম্বলিত পোস্টাল ক্যাশ কার্ড | বিভিন্ন সামাজিক নিরাপত্তা বেষ্টনীর ভাতা পোস্টাল ক্যাশ কার্ডের মাধ্যমে প্রদান | পোস্টাল ক্যাশ কার্ডের মাধ্যমে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর ভাতা প্রদান করা হলে দ্রুত ও নিশ্চিতভাবে উপকারভোগীর নিকট অর্থ পোছাবে। ফলে বাংলাদেশ ডাক বিভাগের আয় বাড়বে এবং পারস্পরিক সুবিধা নিশ্চিত হবে। | ১০০% | প্রত্যাশা পূরণ না হলে কোন নেতিবাচক প্রভাব ডাক বিভাগ এর উপর পড়বে না। |